গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)

০৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭

ইন্টার্নশিপ প্রোগ্রামে আবেদন

ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) ১৯৬১ সাল হতে এদেশে ব্যবস্থাপনাগত ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের জন্য শিক্ষা, প্রশিক্ষণ, গবেষনা ও পরামর্শসেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। পেশাগত উৎকর্ষ সাধনে আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করার জন্য বিআইএম-এর বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দক্ষতা অর্জনের সুযোগ হিসেবে বিআইএম ইন্টার্নশিপ প্রোগ্রাম শুরু হতে যাচ্ছে। উক্ত প্রোগ্রামে ইন্টার্নকে পূর্ণকালীন কর্মের অরিয়েন্টেশন ও অভিজ্ঞতা প্রদান করা হবে । জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর আলোকে, এই প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলীর ভিত্তিতে ছয় মাসমেয়াদি ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

যোগ্যতা	আবেদনের পদ্ধতি ও শর্তাবলী
১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে । ২। যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পরীক্ষায় অবতীর্ণ বা সদ্য উত্তীর্ণ (পাস করার পর দুই বছরের অধিক নয়) হতে হবে। ৩। আবেদনকারীকে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। ৪। আবেদনকারীর বাংলা ও ইংরেজী ভাষাগত দক্ষতা ভালো হতে হবে। ৫। আবেদনকারীকে নতুন দক্ষতা অর্জনে আগ্রহী, পরিশ্রমী ও অধ্যাবসায়ী হতে হবে । ৬। আবেদনকারী ইন্টার্নশিপে সুযোগ লাভ করলে সাপ্তাহিক কার্যদিবসের সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত ইন্টার্নশিপ ব্যতিত অন্যকোন শিক্ষা/প্রশিক্ষণ/চাকুরিতে সম্পৃক্ত থাকতে পারবেন না। ৬। এই ইন্টার্নশিপ একটি স্বতন্ত্র প্রোগ্রাম, এর সাথে বিআইএম-এর পিজিডি বা ডিপ্লোমা বা অন্য কোন প্রশিক্ষণ সরাসরি সম্পৃক্ত নয়। * **আবেদনের সর্বশেষ তারিখ ১৯ জুলাই, ২০২৬।**	• আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে অনাপত্তি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ মহাপরিচালক, বিআইএম বরাবর নির্ধারিত গুগল **আবেদন ফর্ম** পূরণের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। • প্রোগ্রামের মেয়াদ ০৬ (ছয়) মাস। • আবেদনকারীকে ২৪ জুলাই, ২০২৬ (শুক্রবার) সকাল ১০:০০ টায় বিআইএম-এর সোবহানবাগস্থ ঢাকা ক্যাম্পাসে স্ব-শরীরে উপস্থিত হয়ে কম্পিউটার বেইজড বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। • কম্পিউটার বেইজড পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। • চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ইমেইল অবহিত করা হবে। • পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীদের টিএ/ডিএ প্রদান করা হবে না। • নিয়মিত কর্মসম্পাদনের জন্য ইন্টার্নদের মাসিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে। • ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। • আবেদনের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়-এর প্রজ্ঞাপন-এ বর্ণিত, ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ (সংযুক্ত) পাঠ করতে হবে ।

আবেদনের লিংক : https://forms.gle/At3zZFgU5UEekyS68

০১৮১৯২৩১২১৯, ০১৫৭১৭০৯০৯৪ sayeedur.rahman@bim.gov.bd

বিআইএম ঢাকা ক্যাম্পাসঃ ০৪, সোবহানবাগ, ঢাকা -১২০৭